"শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন"

**National Institute of Biotechnology**
Ministry of Science and Technology
Government of the People's Republic of Bangladesh
Ganakbari, Ashulia, Savar, Dhaka-1349.
Phone: +88-02-7789458, Fax: +88-02-7789636

**ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি**
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।
ফোন: ৭৭৮৯৪৫৮, ফ্যাক্স: ৭৭৮৯৬৩৬

স্মারক নং: ৩৯.০৬.২৬৭২.০০১.১১.০০১.২১.১৬৬৯

তারিখ : ২২ কার্তিক ১৪২৮
০৭ নভেম্বর ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর রাজস্বখাতে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে http://nib.teletalk.com.bd এই ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জা: বে: স্কেল /১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | আবেদনের প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড- ৯)<br>বিভাগ: বায়োইনফরমেটিক্স (২টি) | ০৩ | শিক্ষাগত যোগ্যতা: (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর (থিসিসসহ) ডিগ্রি;<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত অন্যূন ৩ (তিন) টি ১ম বিভাগ, শ্রেণী বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) থাকিতে হইবে: তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণী বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ২। | বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড- ৯)<br>বিভাগ: এনভায়রনমেন্টাল বায়োটেকনোলজি (১টি) | | |
| ৩। | হিসাব সহকারী<br>১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড- ১৩) | ০১ | শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বানিজ্যে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি পর্যন্ত অন্যূন ১ (এক) টি ১ম বিভাগ, শ্রেণি বা Cumulative Grade Point Average (সিজিপিএ) থাকিতে হইবে: তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণী বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।<br>বাংলা ও ইংরেজি টাইপ এ যথাক্রমে অন্যূন ২০ ও ২৫ শব্দের গতিসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হবে। |
| ৪। | ল্যাবরেটরী এটেনডেন্ট<br>৮,৫০০-২০,৫৭০/- (গ্রেড-১৯) | ০১ | শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন ২য় বিভাগ বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ)সহ বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিটেক (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

নিম্নবর্ণিত শর্তগুলো আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

১. আবেদন শুরুর (১১ নভেম্বর ২০২১ খ্রিঃ) তারিখে ন্যূনতম ১৮ বছর এবং **জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩, তারিখঃ ১৯/০৮/২০২১ খ্রিঃ মোতাবেক ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা:**

(i) সকল প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে ৩০ বছর।
(ii) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর।
(iii) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩০ বছর।
(iv) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

**৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://nib.teletalk.com.bd এই ওয়েব সাইটে আবেদন পত্র পূরণ করবেন।
আবেদনের সময় সীমা নিম্নরূপঃ
(i) Online-এ আবেদন পত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১১ নভেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০:০০টা।
(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়ঃ ১২ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৫:০০টা।

উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিণ ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রাস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রাস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ০১ ও ০২ নং ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা, ০৩ নং ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা এবং ০৪ নং ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: **NIB<Space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **NIB ABCDEF**
Reply Applicant's Name, TK. (500/250/150) will be charged as application fee. Your PIN is 12345678. To Pay fee Type NIB<Space>Yes<Space> PIN and send to 16222

দ্বিতীয় SMS: **NIB <Space>Yes<Space>PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **NIB Yes 12345678**
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for ------------.
Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nib.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নাম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS -এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) **User ID** জানা থাকলে **NIB<Space>Help<Space>User<Space>User ID** and Send to 16222.
Example: **NIB Help USER ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে **NIB<Space>Help<Space>PIN<Space>PIN Number** and Send to 16222
Example: **NIB Help PIN 12345678**

(ঝ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd বা nibmanpower2015@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: NIB, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর http://nib.gov.bd ওয়েবসাইটে এবং http://nib.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

৪। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ দেয়া হবে।

৫। মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগতযোগ্যতা সনদ (থিসিসসহ), অভিজ্ঞতা সনদ, কোটার সনদ বা প্রমাণপত্র, মুক্তিযোদ্ধা কোটা প্রমাণ সংক্রান্ত দলিলাদি (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ, স্থায়ী ঠিকানার প্রমাণস্বরূপ ইউনিয়ন চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়াও মৌখিক পরীক্ষার বোর্ডে Application Form এবং উক্ত সকল সনদের ০১ (এক) কপি সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তী যেকোন সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে। প্রয়োজনীয় ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

৮। নিয়োগ পরীক্ষার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। আবেদনপত্র গ্রহণ, বাতিল, নিয়োগ এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা হ্রাস বৃদ্ধিসহ সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১০। কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

০৭/১১/২০২১
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি

স-২৬০৩ (১৫×৪)